

ত্রী আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩:১৬৬

💵 আরবি মূল আয়াত:

وَ مَا اَصَابَكُم يَومَ التَقَى الجَمعٰنِ فَبِإِذنِ اللهِ وَ لِيَعلَمَ المُؤمِنِينَ

আর তোমাদের উপর যে বিপদ এসেছিল দুই দল মুখোমুখি হওয়ার দিন তা আল্লাহর অনুমতিক্রমে এবং যাতে তিনি মুমিনদেরকে জেনে নেন। — আল-বায়ান

দু'দল পরস্পারের সম্মুখীন হওয়ার দিন যে বিপদ পৌঁছেছিল, তা আল্লাহর হুকুমে ঘটেছিল, এর উদ্দেশ্য ছিল প্রকৃত মু'মিনদেরকে জেনে নেয়া। — তাইসিরুল

এই দুই দলের সম্মুখীন হওয়ার দিনে তোমাদের উপর যা আপতিত হয়েছিল তা আল্লাহরই ইচ্ছাক্রমে; এবং তদ্দারা আল্লাহ বিশ্বাসীদেরকে পরীক্ষা করেন। — মুজিবুর রহমান

And what struck you on the day the two armies met was by permission of Allah that He might make evident the [true] believers. — Sahih International

১৬৬. আর যেদিন দু'দল পরস্পরের সম্মুখীন হয়েছিল, সেদিন তোমাদের উপর যে বিপর্যয় ঘটেছিল তা আল্লাহরই হুকুমে(১); আর যাতে তিনি প্রকাশ করেন, কে তোমাদের মধ্যে প্রকৃত মুমিন।

(১) এখানে ইঙ্গিত করা হয়েছে যে, এসব যা কিছু হয়েছে, সবই আল্লাহর ইচ্ছা ও সমর্থনে হয়েছে। মনে রাখা দরকার যে, আল্লাহর ইচ্ছা বা অনুমতি দু'প্রকার। এক. ইয়নে শারয়ী বা শরীআতগত অনুমোদন বা ইচ্ছা। এ অনুমোদনের সাথে আল্লাহর সম্ভুষ্টির সম্পর্ক রয়েছে। যেমন আল্লাহ্ তা'আলা কর্তৃক কাউকে সালাত আদায় করতে দেয়ার ইচ্ছা, কাউকে হক পথে চলতে দেয়ার ইচ্ছা ইত্যাদি। এ ধরনের অনুমোদন বা ইচ্ছা সংঘটিত হওয়া বাধ্যতামূলক নয়। দুই. ইয়নে কাওনী বা প্রকৃতিগত অনুমোদন বা ইচ্ছা। এ অনুমোদনের সাথে আল্লাহর সম্ভুষ্টি নেই। তবে তা অবশ্যই সংঘটিত হবে। যেমন এ আয়াতে বর্ণিত আল্লাহর অনুমোদন বা ইচ্ছা। [তাফসীরে সা'দী]

তাফসীরে জাকারিয়া

(১৬৬) যেদিন দু'দল পরস্পরের সম্মুখীন হয়েছিল, সেদিন তোমাদের যে বিপর্যয় ঘটেছিল, তা আল্লাহর অনুমতিক্রমে ঘটেছিল। যাতে তিনি বিশ্বাসীদেরকে (ভালরূপে) জানতে পারেন।



🖨 hadithbd.com — কুরআন — আলে-ইমরান। Al-i-Imran [قُلْ عِمْرَان

_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=459

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন